

প্রথম আলো

মঙ্গলবার, ১১ আগস্ট ২০০৯

editorial@prothom-alo.info

গণমাধ্যম গণতন্ত্র প্রতিষ্ঠায় ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম : মরিয়াটি

নিজের প্রতিবেদক •

বাংলাদেশের সব ধরনের গণমাধ্যম ততাত্ত সম্ভাবনাময়। এই সম্ভাবনাময় অংশটা গণতন্ত্র প্রতিষ্ঠায় ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম। গতকাল সোমবার 'সাংবাদিকতায় নীতি ও আদর্শ' শীর্ষক দুই দিনব্যাপী সাংবাদিক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে মার্কিন রাষ্ট্রদূত জেমস এফ মরিয়াটি এ মন্তব্য করেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব গভর্নেন্স স্টাডিজ (আইজিএস) প্রতিষ্ঠিত সাংবাদিকতা প্রশিক্ষণ ও গবেষণা উদ্যোগ (যাত্রী) আয়োজিত এ অনুষ্ঠানে মার্কিন রাষ্ট্রদূত আরও বলেন, তথ্য জানানোর ক্ষেত্রে নীতি ও আদর্শ

কাজ না করলে বড় ধরনের সংকট তৈরি হওয়ার আশঙ্কা থাকে। সমাজের পর্যবেক্ষক হিসেবে সেসব ক্ষেত্রে দায়িত্বশীল হওয়ার দিকল্প নেই।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য সালাউদ্দীন আহমেদ বলেন, 'বৃহত্তা, জবাবদিহিতা, সত্যতার মতো মূল্যবোধগুলো নিজেদের অর্জন করতে হয়।'

বিশেষ অতিথির বক্তৃতায় সাংবাদিক জগলুল আহমেদ চৌধুরী বলেন, 'গ্রহণযোগ্যতার বাড়ার কারণেই সাংবাদিকদের সতর্ক হওয়ার প্রয়োজনীয়তাও বেড়েছে। মনে রাখতে হবে, যেখানে নীতিমালার মধ্যে কাজ করার অভ্যস্ততা নেই, সেখানে ক্ষমতার হস্তক্ষেপ মেনে নিতে হয়।'